

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

## ময়মনসিংহ

### নিয়োগ বিজ্ঞপ্তি



স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৪.০১.০৪৩.১৮-৪৮৩

তারিখঃ ১৫-০৬-২০২২ ইং

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৮-০৬-২০২২ ইং তারিখের ৩৩.০০.০০০০.১৩০.১১.০০১.২২.-১৯৫ নং ছাড়পত্র মোতাবেক বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের অনুকূলে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল (২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স	যোগ্যতা
০১	বৈজ্ঞানিক কর্মকর্তা	২২০০০-৫০৩৬০ (গ্রেড-৯)	০৭টি	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞানে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএর স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রাণিবিজ্ঞান (মৎস্য) বা বিজ্ঞানের অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী।
০২	টেকনিশিয়ান	১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১)	০২টি	অনূর্ধ্ব ৩০ বছর	সরকার স্বীকৃত ইনস্টিটিউট হতে যন্ত্রকৌশলে অন্যান্য প্রথম বিভাগ/সমমানের সিজিপিএতে ডিপ্লোমা। ল্যাবরেটরি ও অফিস যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ বিষয়ক কাজের বাস্তব অভিজ্ঞতা।
০৩	হিসাবরক্ষক	১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)	০১টি	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রী অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ হিসাবরক্ষণ সংক্রান্ত কাজে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
০৪	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	০১টি	অনূর্ধ্ব ৩০ বছর	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে।
০৫	ক্ষেত্র সহকারী	টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	০৩টি	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যান্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

#### শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। চাকুরির আবেদন ফরম ইনস্টিটিউটের সদর দপ্তর অথবা ইনস্টিটিউটের ওয়েব সাইট [www.fri.gov.bd](http://www.fri.gov.bd) থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- আগামী ১৪-০৭-২০২২ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ-২২০১ বরাবর ৩ (তিন) কপি সত্যায়িত ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত আবেদনপত্র পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে ১০০.০০ (একশত) টাকা মূল্যের পোস্টাল অর্ডার মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ এর অনুকূলে অথবা মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মৎস্য গবেষণা ইনস্টিটিউট শাখা, ময়মনসিংহ এর উপর ডিমাড ড্রাফট প্রদান করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রত্যেক প্রার্থীকে পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০.০০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত ৪.৫" x ১০.০০" সাইজের ০১টি খাম প্রেরণ করতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় তাঁদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা স্বাক্ষরবিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত "মুক্তাচাষ প্রযুক্তি উন্নয়ন ও সম্প্রসারণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা ২০০৫ অনুসরণ করা হবে।
- পদ পূরণের ক্ষেত্রে (১ নং ব্যতীত) বিদ্যমান কোটা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
- চাকুরীর জন্য নির্বাচিত হওয়ার পরে প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা/ভুল প্রমাণিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইনে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।
- প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা যেতে পারে। শূন্য পদ পূরণ করা বা না করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(জামাতুল ফেরদৌস রুমা)  
সহকারী পরিচালক (চ.দ.)